

## আমরা যা মন্দ কাজ করেছি ঈশ্বরের কাছে তা স্বীকার করা

বাপ্টিস্মদাতা যোহনের পরিচর্যা কাজ



শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানান সই কার্যকলাপগুলো পছন্দ করুন।

প্রার্থনা : “প্রিয় প্রভু, প্রতিটি শিশুকে তোমার কাছে তাদের পাপ স্বীকার করতে সাহায্য কর, যাতে তুমি তাদের পাপের শৃঙ্খল ভাঙতে পার, তাদের লজ্জা এবং বদ অভ্যাস থেকে মুক্ত করতে পার, তারপর প্রতিটি আলক বালিকার চেতনা বা বিবেককে শুচি কর। আমাদের কথা শ্রবণ কর, আমাদের ক্ষমা কর এবং আমাদের হৃদয়ে শান্তি আন।”



কোন একজন প্রাপ্তবয়স্ক লোককে অথবা বড় শিশুকে বলতে বলুন, বাপ্টিস্মদাতা যোহন কিভাবে লোকদের ঈশ্বরের কাছে পাপ স্বীকার করতে এবং ক্ষমালাভ করতে সাহায্য করেছিলেন। শিক্ষা দানের প্রস্তুতির জন্য মথি ৩ঃ১-১২ এবং লুক ৩ঃ ১০-১৮ পদ পাঠ করুন। গল্পটি বলার পর শিশুদের একই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন :

- বাপ্টিস্মদাতা যোহন লোকদের কোথায় শিক্ষা দিতেন? (মথি ৩ঃ১)
- যোহন লোকদের কি করতে বলতেন? (মথি ৩ঃ১)
- তারা যে অনুতপ্ত হয়েছে তা দেখানোর জন্য তাদের কোন দুটি বিষয় করতে হোত? (মথি ৩ঃ৬)
- ‘অনুতাপ’ শব্দটির অর্থ কি? (আমাদের পাপ থেকে ফিরে, ঈশ্বরের বাধ্য হওয়া।)
- যারা পাপ স্বীকার করার ক্ষেত্রে নিজেদের অত্যন্ত উত্তম বলে মনে করতো, যোহন তাদের কি বলে অভিহিত করেছিলেন? (মথি ৩ঃ৭-১১ পদ। তিনি তাদের সর্প বলে অভিহিত করেছিলেন, তাদের বাপ্টিস্ম দান করতে অস্বীকার করেছিলেন এবং আসন্ন বিচারের বিষয় তাদের সতর্ক করে ছিলেন।)
- তিনি যখন বলেছিলেন, “কিন্তু এমন একজন আসিতেছেন, যিনি আমা অপেক্ষা শক্তিমান” তখন তিনি কাকে বোঝাতে চেয়েছিলেন? (তিনি ঈশুকে বোঝাতে চেয়েছিলেন)
- যীশু কি করবেন বলে যোহন বলেছিলেন? (মথি ৩ঃ১১-১২ পদ। যারা অনুতাপ করবে তাদের তিনি পবিত্র আত্মা দ্বারা বাপ্টিস্ম করবেন এবং অন্যদের বিচার করবেন এবং দণ্ড দেবেন।)
- লোকেরা যে অনুতপ্ত হয়েছে তা দেখানোর জন্য যোহন জনতাকে কি করতে বলেছিলেন? (লুক ৩ঃ১০-১১ পদ)
- যোহন লোভী করগ্রাহীদের বাপ্টিস্ম দানের পর কি করতে বলেছিলেন? (লুক ৩ঃ১২-১৩)
- যোহন সৈনিকদের কি করতে বলেছিলেন? (লুক ৩ঃ১৪)

যারা তাদের পাপ স্বীকার করেছিলেন তাদের বিষয়ে গল্পটির অংশগুলো নাটকে পরিণত করুন :

- প্রাপ্তবয়স্কদের কাছে নাটকটি শিশুদের দ্বারা উপস্থাপিত করার জন্য আরাধনার নেতাদের দ্বারা ব্যবস্থা করুন।
- শিশুদের শিক্ষাদানের সময় নাটকটির মহড়া দিন।
- বড় শিশুদের ছোটদের প্রস্তুতিতে সাহায্য করতে দিন।
- বড় শিশুরা অথবা প্রাপ্তবয়স্কগণ যোহন, ফরীশী, বর্ণনাকারী এবং বালিকার ভূমিকায় অভিনয় করবে।
- ছোট শিশুরা করগ্রাহী, সৈনিক এবং যিহূদার লোকদের ভূমিকায় অভিনয় করবে।

বর্ণনাকারী : মথি ৩ঃ১-১২ পদের গল্পটির প্রথম অংশটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, যিরূশালেমের অনুতপ্ত বালিকাটি কি বলছে।”

বালিকা : “আমরা যারা যিরূশালেম এবং যিহূদিয়াতে বাস করি, আমরা অনেক মন্দ কাজ করেছি। কিন্তু আমাদের মধ্যে অসংখ্য লোকই পরিবর্তিত হতে এবং ঈশ্বরের বাধ্য হতে চান। আমি আমার পাপ স্বীকার করি।”

যোহন : “ঈশ্বর তোমাকে ক্ষমা করেছেন। এসো এবং বাপ্টিস্ম গ্রহণ কর।”

ফরীশী : (গর্বের সঙ্গে কথা বলবেন) “আমরা ফরীশীরা ধর্মীয় নেতা এবং উত্তম জীবন যাপন করি। আমরা বাপ্টিস্ম গ্রহণ করব, কারণ আমরা আমাদের উত্তম কাজের দ্বারা ঈশ্বরের আনুকূল্য অর্জন করেছি।”

যোহন : “হে সপের বংশেরা, আগামী কোপ হইতে পলায়ন করিতে তাহাদিগকে কে চেতনা দিল? অতএব মনপরিবর্তনের উপযুক্ত ফলে ফলবান হও এবং ঈশ্বরের বাধ্য হও!”

বর্ণনাকারী : লুক ৩:১০-১৮ পদ থেকে গল্পের দ্বিতীয় অংশটি বলুন। তারপর বলবেন “শুনুন, লোভি করগ্রাহীগণ কি বলেন।”

করগ্রাহী : “আমরা স্বার্থপর এবং মন্দ কার্য্য করেছি। আমাদের কি করা উচিত?”

যোহন : “তোমাদের জন্য যা নিরূপিত আছে, তার অধিক আদায় কর না। তোমরা তোমাদের পাপ স্বীকার করেছ। ঈশ্বর তোমাদের ক্ষমা করছেন। এসো এবং বাপ্তাইজিত হও।”

সৈনিকগণ : “আমাদের সৈন্যদের বিষয় কি বলেন, আমাদের কি করা উচিত? আমরাও অনেক পাপ করেছি।”

যোহন : “কারও কাছ থেকে জুলুম করে টাকা আদায় কর না, মিথ্যাভাবে কাউকে অভিযুক্ত কর না, তোমাদের বেতনে সন্তুষ্ট থাক। তোমরা তোমাদের পাপ সকল স্বীকার করেছ। এসো এবং বাপ্তিস্ম গ্রহণ কর।”

অর্গনাকারী : যারা এই নাটকে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ।

প্রশ্নাবলী : যদি শিশুরা এই নাটকটি বড়দের কাছে উপস্থাপন করে থাকে, তবে তাদেরকে ওপরের তালিকায় প্রশ্নগুলোও বড়দের কাছে জিজ্ঞাসা করতে দিন।

চিত্র অঙ্কন : একটি আঙনের ছবি অঙ্কন করুন, যা শিশুরা আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের দেখাতে পারে। তাদেরকে ব্যাখ্যা করতে বলুন যে যীশু যখন মৃতদের উত্থিত করবেন, তখন তা শস্য সংগ্রহের মত দেখতে লাগবে।



● বিশ্বাসীগণ যীশুর সঙ্গে চিরকাল বাস করবেন।

● যারা ঈশ্বরকে প্রত্যাখ্যান করবেন, ঈশ্বর তাদের শস্য সংগ্রহকারীরা যেমন শস্যদানা থেকে তুষ পৃথক করেন এবং তুষগুলো আঙনে পুড়িয়ে দেন, সেইভাবে ঈশ্বরও তাদের প্রতি করবেন।



কবিতা : শিশুদের গীত ৫১ থেকে নিম্নলিখিত পদগুলো আবৃত্তি করতে বলুন।

২ঃ আমার অপরাধ হইতে আমাকে নিঃশেষে ধৌত কর।

আমার পাপ হইতে আমাকে শুচি কর।

৩ঃ কেননা আমি নিজে আমার অধর্ম সকল জানি

আমার পাপ সতত আমার সম্মুখে আছে।

৪ঃ তোমার বিরুদ্ধে, কেবল তোমারই বিরুদ্ধে আমি পাপ করিয়াছি,

তোমার দৃষ্টিতে যাহা কুৎসিত, তাহাই করিয়াছি।

৫ঃ দেখ, অপরাধে আমার জন্ম হইয়াছে;

পাপে আমার মাতা আমাকে গর্ভে ধারণ করিয়াছিলেন।

৭ঃ এসোব দ্বারা আমাকে মুক্ত পাপ কর, তাহতে আমি শুচি হইব,

আমাকে ধৌত কর, তাহাতে আমি হিম অপেক্ষা শুক্লা হইব।

১০ঃ হে ঈশ্বর, আমাতে বিশুদ্ধ অন্তঃকরণ সৃষ্টি কর,

আমার অন্তরে সুস্থির আত্মাকে নূতন করিয়া দেও।

আমাদের পাপ স্বীকার এবং ক্ষমা লাভের সম্বন্ধে বড় শিশুদের কবিতা অথবা গান লিখতে দিন।

মুখস্থপদঃ গীত ৫১:১০